

ঢাবিতে যোগদান করলেন নতুন উপাচার্য

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২৭ আগস্ট,
২০২৪ ১৮:৩৩

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন উপাচার্য হিসেবে সদ্য নিয়োগ পাওয়া অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। মঙ্গলবার (২৭ আগস্ট) অপরাহ্নে যোগদান করেন তিনি। এ সময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যানসহ বিশ্ববিদ্যালয়ের বিপুলসংখ্যক শিক্ষক ও কর্মকর্তা উপস্থিত ছিলেন।

যোগদানের পর এক সংক্ষিপ্ত বক্তব্যে অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, ‘ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩০তম উপাচার্য হিসেবে যোগদান করার প্রাক্কালে আপনাদের সবাইকে অভিনন্দন ও শুভেচ্ছা।

হাজারো ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে যে নতুন বাংলাদেশের শুভ সূচনা হলো তার ধারাবাহিকতায় বৈষম্যবিরোধী আদর্শ ও মূল্যবোধ মাথায় রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়কে পরিচালনা করার অভিপ্রায় ব্যক্ত করি এবং এ লক্ষ্যে আপনাদের সবার আন্তরিক সহযোগিতা প্রার্থনা করি।’

উপাচার্য আরো বলেন, ‘আমি জানি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের যেকোনো নতুন উপাচার্য দায়িত্বভার গ্রহণ করলে আপনারা অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এবং ভালোবাসার নিদর্শনস্বরূপ ফুল দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করে থাকেন। কিন্তু বর্তমানে আমার দায়িত্বভার গ্রহণের প্রেক্ষাপটটি একটু ভিন্ন। শহীদদের রক্তের দাগ এখনো শুকায়নি।

অনেক ছাত্র-জনতা আহত অবস্থায় আহাজারি করছে। অন্যদিকে দেশের ভয়াবহ বন্যা পরিস্থিতির কারণে লাখ লাখ মানুষ নিদারুণ দুর্ভোগের মধ্য দিয়ে জীবন অতিবাহিত করছে। তাদের সবার প্রতি সহানুভূতিশীলতার অংশ হিসেবে এই মুহূর্তে ফুলসহ যেকোনো আড়ম্বরপূর্ণ আয়োজন থেকে বিরত থাকার জন্য আপনাদের প্রতি অনুরোধ জানাচ্ছি। আপনাদের শুভেচ্ছা ও দোয়াই কাম্য।

এ ব্যাপারে আপনাদের একান্ত সহযোগিতা কামনা করছি।’

জানা যায়, আজ মঙ্গলবার মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর আর্টিকল ১১(২) ধারা অনুযায়ী অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানকে উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। তিনি বিশ্ববিদ্যালয়টির ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক। এদিন উপাচার্যের পাশাপাশি ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।